

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
আক্কেলপুর জয়পুরহাট

স্মারক নং- ৩২.০১.৩৮১৩.০০১.২৫.০০১.১৯- ৭০

তারিখ : ১৯/০৬/২০২০ খ্রিঃ।

মহিলা প্রশিক্ষণ কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, আক্কেলপুর জয়পুরহাট, এর মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে, ২০২০-২০২১ অর্থ বছরে জুলাই/২৩ হতে সেপ্টেম্বর/২৩ পর্যন্ত তিন মাস মেয়াদে সেলাই ট্রেডে ৩০ জন মহিলা প্রশিক্ষণার্থী ভর্তির নিমিত্তে শুধুমাত্র আক্কেলপুর উপজেলার অগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে।

নিম্নে প্রার্থীর যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী প্রদত্ত হলোঃ

- ১। আবেদনকারীর বয়স ১৬ হতে ৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ২। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ৫ম শ্রেণী পাশ থাকতে হবে।
- ৩। আবেদনের সাথে নিজ নিজ পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদ ১ কপি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ কপি এবং পাস পোট সাহিজের ছবি ২ কপি জমা দিতে হবে।
- ৪। দুঃস্থ, বিধোবা, স্বামী পরিত্যক্তা ও অসহায় বেকার মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৫। অত্র প্রশিক্ষণ কোর্স হতে পূর্বে প্রশিক্ষণ গ্রহণকারীর আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৬। গর্ভবতী, অসুস্থ মহিলাদের আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৭। প্রশিক্ষণ কোর্সের মেয়াদ জুলাই/২৩ হতে সেপ্টেম্বর/২৩ পর্যন্ত তিন মাস।
- ৮। প্রশিক্ষণ গ্রহণের পাশা পাশি দৈনিক হাজারি ভিত্তিতে সরকার কর্তৃক বরাদ্দ সাপেক্ষে ভাতা প্রদান করা হবে।
- ৯। প্রতি কর্ম দিবসে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ১০। প্রশিক্ষণ কেন্দ্রে কোন প্রশিক্ষণার্থী ৭ (সাত) দিন অনুপস্থিত থাকিলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাকে প্রশিক্ষণ কোর্স হতে বহিস্কার করা হবে।
- ১১। প্রশিক্ষণ কেন্দ্রের আরোপিত সকল নিয়ম কানুন মেনে চলতে হবে।
- ১২। প্রশিক্ষণ কেন্দ্রের অথবা অফিসের কোন নিয়ম কানুন বিরোধী কার্যকলাপে লিপ্ত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাকে প্রশিক্ষণ কোর্স হতে বাতিল করা হবে।
- ১৩। প্রশিক্ষণ গ্রহণ সময় প্রশিক্ষণার্থীর যাতায়াত ও খাবারের ব্যবস্থা প্রশিক্ষণার্থীকে নিজে বহন করতে হবে।
- ১৪। আবেদনকারী অবশ্যই মহিলা হতে হবে। আবেদনকারীকে অত্র কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহ পূর্বক আবেদন ফরমে বর্ণিত শর্তাবলী পূরণ করে আগামী ০৪/০৭/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষর কারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। আবেদনকারীদের আগামী ০৫/০৭/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে স্বাক্ষাৎকার গ্রহণ করা হবে। স্বাক্ষাৎকার গ্রহণের জন্য কোন প্রকার কার্ড ইস্যু করা হবে না এবং কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

(মোছাঃ নওজেশ আরা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
আক্কেলপুর, জয়পুরহাট।

ও

সদস্য সচিব

উপজেলা প্রশিক্ষণার্থী ভর্তি কমিটি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. মহা পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, জয়পুরহাট।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট।
৪. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট।
৫. উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট।
৬. উপজেলা-----অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
৭. অফিস কপি